



# বেসিক ব্যাংক লিমিটেড

(বাংলাদেশ স্মার ইন্ডাস্ট্রিজ এন্ড কমার্স ব্যাংক লিমিটেড)

গবেষণা ও উন্নয়ন বিভাগ  
প্রধান কার্যালয়, ঢাকা

সূত্র নং – ৫৩.০৯.০০০০.৮২৫.১৮.০০১.১৬. ৫৭০৭  
জুন ০৭, ২০২১


প্রতিঃ সকল বিভাগীয় প্রধান, শাখা প্রধান এবং উপশাখা, বেসিক ব্যাংক লিমিটেড।

দৃষ্টি আকর্ষণঃ পরিপত্র নং ৫৩.০৯.০০০০.৮২৫.১৮.০০১.১৬.৪০১৮ তারিখ এপ্রিল ২৭, ২০২১;


বিষয়ঃ ব্যাংকের নারী গ্রাহকদের জন্য সম্প্রতি চালুকৃত “বেসিক নারী মাসিক সঞ্চয় প্রকল্প” এর নাম পরিবর্তন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এপ্রিল ২৫, ২০২১ তারিখে অনুষ্ঠিত ৫৩৮ তম পর্যদ সভায় বিদ্যমান ‘বেসিক নারী মাসিক সঞ্চয় প্রকল্প’ নামক আমানত পণ্যটির বাংলা নাম পরিবর্তন করে ‘বেসিক নারী সঞ্চয় প্রকল্প (মাস ভিত্তিক)’ রাখা হয়েছে যা সংযুক্তি ‘ক’ তে অন্তর্ভুক্ত করা হল।

উল্লেখ্য, নারীদের জন্য প্রচলনকৃত এই মাস ভিত্তিক সঞ্চয় প্রকল্প সংক্রান্ত অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

  
হেলেনা পারভীন (আইডিঃ১৯৬৭)  
উপ-মহাব্যবস্থাপক



  
নিরঞ্জন চন্দ্র দেবনাথ (আইডিঃ১৩০৫)  
মহাব্যবস্থাপক এবং সিএফও

## অনুলিপিঃ

- ১। ব্যক্তিগত সচিব, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। মহা-ব্যবস্থাপক মহোদয় (সকল), প্রধান কার্যালয়, ঢাকা।

## বেসিক নারী সঞ্চয় প্রকল্প (মাস ভিত্তিক) BASIC Nari Monthly Savings Scheme

### ১. সাধারণ বৈশিষ্ট্য:

- মাসিক কিস্তি ভিত্তিক মেয়াদী আমানত স্কিম।
- যেকোন প্রাপ্তবয়স্ক বাংলাদেশী সুস্থ মস্তিস্কের নারী/নারীগণ একক অথবা যৌথ নামে এই স্কিমের অধীনে হিসাব খুলতে পারবে।
- অভিভাবক কর্তৃক পরিচালনায় একজন নাবালিকার নামেও এই হিসাব খোলা যাবে।
- মেয়াদকাল: ১ বছর, ২ বছর, ৩ বছর, ৪ বছর এবং ৫ বছর।
- মাসিক কিস্তির পরিমাণ: সর্বনিম্ন =৫০০/- (পাঁচশত) টাকা অথবা এর গুণিতক হতে সর্বোচ্চ ২০,০০০/- (বিশ হাজার) টাকা।
- হিসাব খোলার সময় নির্ধারিত মাসিক কিস্তির টাকা পরবর্তীতে কোন অবস্থাতেই পরিবর্তন করা যাবে না।
- এ স্কিমের অধীনে হিসাব খোলার ক্ষেত্রে হিসাবধারীর ব্যাংকে SB / CD অথবা তদূপ আমানত হিসাব থাকতে হবে।
- ব্যাংকের একই শাখায় একই নামে এক বা একাধিক হিসাব খোলা যাবে।
- ১ম কিস্তির টাকা জমা দিয়ে মাসের যেকোন কর্মদিবসে স্কিমটি খোলা যাবে; হিসাবটি নিয়মিত রাখতে পরবর্তী কিস্তিসমূহ পঞ্জিকা মাস ভিত্তিক (Calendar Month Basis) পরিশোধ করতে হবে।
- নগদ প্রদান, স্থায়ী নির্দেশ (Standing Instruction) অথবা এই ব্যাংকে গ্রহণযোগ্য যেকোন মাধ্যমে গ্রাহক তার মাসিক কিস্তির টাকা জমা দিতে পারবে।
- যেকোন অগ্রিম কিস্তি প্রদান নিয়মিত কিস্তি হিসাবে বিবেচিত হবে। এক বা একাধিক অগ্রিম কিস্তি প্রদান করা যাবে। অগ্রিম কিস্তি প্রদানের জন্য কোন অতিরিক্ত সুদ আয় প্রযোজ্য হবে না।
- আংশিক বা ভগ্নাংশ মাসিক কিস্তি প্রদান করা যাবে না।
- পূর্ববর্তী কিস্তি পরিশোধ ব্যতীত পরবর্তী মাসের কিস্তি প্রদান করা যাবে না।
- নির্ধারিত সময়ে কিস্তি প্রদান না করা হলে কিস্তিটি মেয়াদোত্তীর্ণ হিসাবে গণ্য হবে। মেয়াদোত্তীর্ণ কিস্তি পরিশোধে মাসিক ২.০০% হারে দন্ডসুদ প্রযোজ্য হবে। এক্ষেত্রে, সর্বোচ্চ ২ (দুই) টি মেয়াদোত্তীর্ণ কিস্তি দন্ডসুদ সহ প্রদান করা যাবে।
- ২ (দুই) -এর অধিক মাসিক কিস্তি মেয়াদোত্তীর্ণ থাকলে হিসাবটি স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে তথা ব্লক হিসাবে রূপান্তরিত হবে। এক্ষেত্রে, ক্রমিক: ৪ এ বর্ণিত মেয়াদপূর্তির পূর্বে নগদীকরণ প্রক্রিয়ায় হিসাবটি নিষ্পত্তি হবে।
- সর্বোচ্চ ২ (দুই) টি কিস্তি অপ্রদত্ত (Unpaid) অবস্থায় মেয়াদপূর্ণকৃত হিসাবের মোটসুদ আয় হতে অপ্রদত্ত কিস্তির উপর মাসিক ২.০০% হারে অনোপার্জিত সুদ আয় কেটে রেখে হিসাবটির নিষ্পত্তি করা হবে; তবে শর্ত থাকে যে, এক্ষেত্রে হিসাবটির মেয়াদকাল সর্বনিম্ন ১২ (বার) মাস এবং কিস্তি সর্বনিম্ন ১২ (বার) টি প্রদত্ত হতে হবে। এক্ষেত্রে গ্রাহকের প্রকৃত মোট জমাকৃত কিস্তিই মেয়াদান্তে গ্রাহকের মোট জমাকৃত অর্থ তথা মূল টাকা হিসাবে বিবেচিত হবে।
- ২ (দুই) - এর অধিক মাসিক কিস্তি মেয়াদোত্তীর্ণ আছে এরূপ মেয়াদপূর্ণকৃত হিসাব ক্রমিক: ৪ এ বর্ণিত মেয়াদপূর্তির পূর্বে নগদীকরণ প্রক্রিয়ায় নিষ্পত্তি হবে।
- হিসাবের মেয়াদপূর্তির পর কোন কিস্তি প্রদান করা যাবে না।
- হিসাবের সর্বশেষ কিস্তি নিয়মিত কিস্তি হিসাবে জমা প্রদানের সুযোগের দিন থেকে ১ (এক) মাস পর এই হিসাবের মেয়াদপূর্তি (Matured) হবে।
- হিসাবটি পরিচালনায় ব্যাংকের নিজস্ব কোন চার্জ / ফি নেই, কেবলমাত্র সরকারী চার্জসমূহ (শুল্ক ও কর) প্রযোজ্য হারে কর্তন করা হবে।



